**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 24-01-2026** **Time: 1.40 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) এরাজ্যের জলপাইগুড়ি এবং মধ্যমগ্রাম সহ দেশের ৪৫ টি জায়গায় আজ রোজগার মেলার আয়োজন করা হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লী থেকে রোজগার মেলায় অংশ নিয়ে বলেন, যুবক যুবতীদের চাকরী দিতে কেন্দ্র বিভিন্ন দেশের সঙ্গে চুক্তি করছে।

২) আগামীকাল আকাশবাণীর মন বিক বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তাঁর চিন্তা ভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন।

৩) আজ জাতীয় শিশু কন্যা দিবস। কন্যা সন্তানদেরও পুত্রদের মত গুরুত্ব দেওয়ার ওপর আলোকপাত করা হচ্ছে।

৪) জম্মু কাশ্মীরের ডোডা জেলায় কর্তব্যরত অবস্থায় নিহত এরাজ্যের দুই সেনা জওয়ান প্রদ্যুম্ন লোহার এবং সমীরন সিং-এর মধ্যে সমীরণের দেহ বাড়িতে নিয়ে আসা হচ্ছে।

৫) উপকূলরক্ষী বাহিনীর বাংলাদেশ থেকে সুপারি পাচারের সঙ্গে যুক্ত একটি মাছ ধরার নৌকো আটক করে 52 বস্তা সুপারি বাজেয়াপ্ত করেছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তাঁর সরকার দেশে এবং বিদেশে যুবক-যুবতীদের জন্য নতুন নতুন সুযোগ সৃষ্টি করতে প্রয়াস চালিয়ে যাচ্ছে। এজন্য ভারত বহু

দেশের সঙ্গে বাণিজ্য ও অন্যান্য কর্মসংস্থান বিষয়ক চুক্তি করছে। যাতে দেশের দক্ষ যুবাদের জন্য কাজের সুযোগ আরও উন্মুক্ত হয়। প্রধানমন্ত্রী আজ নতুন দিল্লি থেকে ভার্চুয়ালী অষ্টাদশ জাতীয় রোজগার মেলায় ভাষণ দিচ্ছিলেন।

(বাইট – প্রধানমন্ত্রী/ ট্রেড)

শ্রী মোদী আরও বলেন, রোজগার মেলা এখন এক প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়েছে। বিভিন্ন সরকারী দফতর থেকে লক্ষ লক্ষ যুবক-যুবতী ইতমধ্যেই নিয়োগপত্র হাতে পেয়েছেন।

(বাইট – প্রধানমন্ত্রী/রোজগারমেলা)

আজকের রোজগার মেলায় বিভিন্ন সরকারী দফতরের ৬১ হাজারেরও বেশি নব নিযুক্তদের মধ্যে নিয়োগ পত্র বন্টন করা হয়েছে। এই নব নিযুক্ত প্রার্থীরা শীঘ্রই বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রক ও দফতরে যোগ দেবেন।

এরাজ্যের জলপাইগুড়ি ও উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রাম সহ ৪৫ টি জায়গায় এই অষ্টাদশ রোজগার মেলার আয়োজন করা হয়েছে।

মধ্যমগ্রামের দিগবেড়িয়ায় বি এস এফ এর ৭৪ নম্বর ব্যাটালিয়নের হেডকোয়ার্টারে ২৫ জন নিয়োগ প্রার্থীকে অসম রাইফেল, সি আই এস এফ, সি আর পি এফ, আই টি বি পি, এস এস বি , বি এস এফ এর সুরক্ষা বাহিনীর নিয়োগ পত্র দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বি এস এফ এর দক্ষিণ বঙ্গ ফ্রন্টিয়ার এর আইজি ভুপিন্দর সিং , কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর প্রমুখ। শান্তনু ঠাকুর বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশ এগোচ্ছে। বিকশিত ভারত লক্ষ। রোজগার মেলা সমাজকে

জাগ্রত করার জন্য গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করছে। ২০৪৭ এ তৃতীয় বৃহত্তম অর্থনৈতিক দেশ হিসেবে ভারতকে গড়ে তোলার জন্য এটা গুরুত্বপুর্ণ।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

---------------------

আজ জাতীয় শিশু কন্যা দিবস। সমাজ ও পরিবারে কন্যা সন্তানদেরও পুত্র সন্তানের মতো সমান গুরুত্ব দেওয়া এবং তারা যে পরিবারের ওপরে চাপ নয় বরং বাড়ির সম্পদ - সেই বিষয়ে আলোকপাত করতে দেশ জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেছেন, মেয়েরা কোন বোঝা নয়, বরং সকলের শক্তি ও অনুপ্রেরণার উতস।এই প্রসঙ্গে তিনি রাণী লক্ষিবাই, রাণী ভেলু নাচিয়ার , মুলা গাভারু ও প্রীতিলতা ওয়াদ্দেদারের উদাহরন তুলে ধরেন। নরেন্দ্র মোদী সরকারের

সুযোগ্য নেতৃত্বে নারী শক্তিকে জাতীয় অগ্রগতির পুরোভাগে নিয়ে আসা সম্ভবপর হয়েছে, মহিলারা আজ দেশের বিকাশের যাত্রাপথের শরিক বলেও উল্লেখ করেন তিনি।

---------------------

জাতীয় কন্যা সন্তান দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ রাজ্য তথা দেশের সব কন্যাদের ভালোবাসা এবং শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে আজ এক বার্তায় তিনি লেখেন, বর্তমানে রাজ্যের মেয়েরা আন্তর্জাতিক ক্রীড়া ক্ষেত্র থেকে বিজ্ঞানের পরীক্ষাগার-সর্বত্র তাদের উৎকর্ষ প্রমাণ করছেন। কন্যা সন্তানদের স্বার্থে রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের কথাও উল্লেখ করেছেন তিনি।

---------------------

এস আই আর-এ কথিত হয়রানি ও তার প্রতিবাদে আজ বর্ধমান স্টেশন চত্ত্বরে বিক্ষোভ দেখান স্থানীয়রা। জাতীয় পতাকা নিয়ে বিক্ষোভ দেখানো হয়। এদিন বিক্ষোভকারীরা স্টেশনের ভিতরে ঢুকতে গেলে প্রথমে বাধা দেয় আরপিএফ। সেই বাধা পেরিয়ে স্টেশনের ভিতরে ঢুকে ১ ও ২ নম্বর প্ল্যাটফর্মের উপর শুয়ে পড়েন প্রতিবাদীরা। পড়ে আরপিএফ-এর আশ্বাসে বিক্ষোভ উঠে যায়।

---------------------

এদিকে পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় এসআইআর প্রক্রিয়ায় শুনানি ও সংশোধনী প্রক্রিয়ায় কোনও অপ্রিতিকর পরিস্থিতি দেখা দিলে সঙ্গে সঙ্গে এফআইআর দায়েরের নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে শুনানি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখারও স্পষ্ট বার্তা দিয়েছে কমিশন। সুপ্রিম কোর্টের গত ১৯ জানুয়ারির নির্দেশ উল্লেখ করে, রাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিককে পাঠানো চিঠিতে জানানো হয়েছে, এসআইআর সংক্রান্ত শুনানি -কেন্দ্র বা সংশ্লিষ্ট সরকারি দপ্তরে যদি কোনও আইনশৃঙ্খলা জনিত সমস্যা তৈরি হয়, সরকারি সম্পত্তি ভাঙচুর ঘটে অথবা এসআইআর

কাজে যুক্ত আধিকারিক ও কর্মীদের হুমকি কিংবা আক্রমণের ঘটনা ঘটে, তবে অবিলম্বে স্থানীয় থানায় অভিযোগ বা এফআইআর দায়ের করতে হবে। সেই অভিযোগের কপি পাঠাতে হবে সংশ্লিষ্ট পুলিশ সুপার এবং মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে।

চিঠিতে আরও বলা হয়েছে, যদি কোনও এলাকায় হিংসা বা সরকারি সম্পত্তি ধ্বংসের ঘটনা চলতে থাকে, তবে সেই এলাকার এসআইআর শুনানি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখতে হবে। মুখ্য নির্বাচনী আধিকারিকের অনুমোদন পেলে তবেই পুনরায় শুনানি শুরু করা যাবে।

উল্লেখ্য, রাজ্যে চলা ভোটার তালিকার নিবিড় সংশোধন প্রক্রিয়ার মধ্যেই এই নির্দেশিকা তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

---------------------

জম্মু-কাশ্মীরের ডোডা জেলায় কর্তব্যরত অবস্থায় প্রাণ হারানো সেনা জওয়ান সমীরণ সিংয়ের দেহ আজ ঝাড়গ্রামে তাঁর বাড়িতে নিয়ে যাওয়া হয়। গত বৃহস্পতিবার কাশ্মীরের ডোডা জেলায় সেনাবাহিনীর একটি গাড়ি প্রায় ২০০ ফুট নীচে গভীর খাদে পড়ে গেলে সমীরণ-সহ ১০ জন প্রাণ হারান। আজ সকালে ঝাড়গ্রামের কুচলাদাঁড়িতে সমীরণের গ্রামের বাড়িতে তাঁর মরদেহ নিয়ে যান সেনা বাহিনীর আধিকারিকর। রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

মৃতদের মধ্যে পুরুলিয়ার ঝালদার বাসিন্দা সেনা জওয়ান প্রদুন্ম লোহারও রয়েছে। তাঁর দেহও আজ বাড়িতে নিয়ে আসা হবে।

---------------------

ভারতীয় উপকূলরক্ষী বাহিনী ICG বাংলাদেশ থেকে ভারতে সুপারি পাচারের সঙ্গে জড়িত একটি মাছ ধরার নৌকা আটক করেছে। অভিযান চালিয়ে পশ্চিমবঙ্গের ফ্রেজারগঞ্জ থেকে ৫২ বস্তা সুপারি উদ্ধার হয়েছে। মোট বাজেয়াপ্ত সুপারির পরিমাণ ২ হাজার ৬০০ কিলোগ্রাম বলে জানা গেছে। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে উপকূলরক্ষী বাহিনীর দল ঘটনাস্থলে পৌঁছে 'লক্ষ্মীনারায়ণ' নামের একটি ভারতীয় মাছ ধরার নৌকা আটক করে। পরে সেটিকে ফ্রেজারগঞ্জে নিয়ে গিয়ে বেনফিশ ফিশিং জেটিতে রাখা হয়েছে। নৌকা ও বাজেয়াপ্ত সামগ্রী ফ্রেজারগঞ্জ উপকূলীয় থানায় তুলে দেওয়া হয়েছে বলে খবর।

--------------------

দক্ষিণ ২৪ পরগনার হাবরায় বদর হাট এলাকায় এক বেসরকারি রিহ্যাব সেন্টারে এক ব্যাকতির রহস্যজনক মৃত্যুকে ঘিরে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। ৫৪ বছর বয়সের মৃত্যুঞ্জয় দাসের বাড়ি হাবরার বেলঘড়িয়া বাইপাস সংলগ্ন এলাকায়।

অভিযোগের ভিত্তিতে পুলিশ দ্রুত তদন্তে নেমে রিহ্যাব সেন্টারের সঙ্গে যুক্ত সাতজনকে গ্রেফতার করে। ধৃতদের গতকালপাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

--------------------

পূর্ব বর্ধমানের মেমারি থানার ভন্ডুল এলাকা থেকে চোলাই মদ সহ অনিতোষ হেমব্রম নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। তার কাছে থাকা জ্যারিকেন থেকে ২০ লিটার চোলাই উদ্ধার হয় বলে পুলিশের দাবি। ধৃতকে গতকাল বর্ধমান সিজেএম আদালতে পেশ করা হলে ১৫ দিন অন্তর তদন্তকারী অফিসারের কাছে হাজিরার শর্তে ধৃতের জামিন মঞ্জুর করা হয়।

---------------------

জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামীকাল ভোর পাঁচটা থেকে রাত ন'টা পর্যন্ত ১৬ ঘন্টা এই সেতুর উপর দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। এই সময় সব যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

---------------------

রেড রোডে আজ সকাল সাড়ে সাতটা নাগাদ একটি দ্রুত গতির গাড়ি পুলিশের গার্ড ওয়ালে ধাক্কা লাগার ফলে চাঞ্চল্য ছড়ায়। পুলিশ ওই গাড়ীর চালককে আটক করেছে। এই দুর্ঘটনায় কেউ আহত হয়নি বলে খবর। উল্লেখ্য, রেড রোডে সাধারন্তন্ত্র দিবসের মহড়ার কারণে সকাল সাতটা থেকে পুলিশ রাস্তা বন্ধ করে দেয়।

---------------------

উত্তর ২৪ পরগনায় স্বরূপনগরের দত্ত পাড়ায় আমবাগানের মধ্যে দুই বন্ধুর ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গতকাল সরস্বতী পুজার দিন থেকে তারা নিখোঁজ ছিল। রাজ ভদ্র এবং রাকিবুল মন্ডল নামের বছর ১৯-এর ওই দুই যুবকের মধ্যে প্রনয় ঘটিত সম্পর্ক থাকতে পারে বলে মনে করা হচ্ছে। মৃতদেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত করছে পুলিশ।

---------------------    ---------------------